

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 18-09-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

C.M launched 'Swachhta Hi Seva' Programme:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে পঞ্চ কালব্যাপী “স্বচ্ছতা হি সেবা” কর্মসূচী অনুযায়ী স্বচ্ছ উৎসবের সূচনা করেন। এই কর্মসূচী চলবে আগামী ২ রা অক্টোবর জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মদিন পর্যন্ত।

PM- Swasth Nari, Sashakt Parivar :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল মধ্যপ্রদেশের ধর জেলা থেকে দেশব্যাপী, 'সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযান' এবং অষ্টম রাষ্ট্রীয় পোষণ মাসের প্রচার কর্মসূচির সূচনা করেছেন। প্রধানমন্ত্রী জেলার ভৈনসলা গ্রামে দেশের বৃহত্তম প্রধানমন্ত্রী মিত্র পার্কের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। রাজ্যের আদিবাসী অঞ্চলের জন্য 'আদি সেবা পর্বের'ও উদ্বোধন করেন তিনি। প্রধানমন্ত্রী মাতৃবন্দনা যোজনার আওতায় ১৫ লক্ষেরও বেশি মহিলাকে আর্থিক সহায়তা প্রদান করেন। তিনি বলেন 'সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযান' দেশের নারীদের উজ্জ্বল ভবিষ্যতের জন্য সমর্পিত।

Byte Narendra Modi

Seba pakkha BJP:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষ্যে বিজেপি গতকাল থেকে সারা দেশে ‘সেবা পক্ষ’ পালনের উদ্যোগ নিয়েছে। মহাত্মা গান্ধী এবং লাল বাহাদুর শাস্ত্রীর জন্মদিন দোসরা অক্টোবর পর্যন্ত এই কর্মসূচী চলবে।

Swasth Nari, Sashakt Parivar, Biplab Deb :

"সুস্থ নারী স্বশক্ত পরিবার" অভিযানের অঙ্গ হিসাবে গতকাল সাংসদ বিপ্লব কুমার দেব টাকারজলা মন্ডলের উদ্যোগে টাকারজলা খেরেংবার কমিউনিটি হেলথ সেন্টারে মহিলাদের স্বাস্থ্য ও পরিবার সুরক্ষায় বিশেষ সচেতনতা শিবিরের উদ্বোধন করেন। পরে স্বচ্ছ ভারত অভিযানের সূচনা করেন তিনি। এর আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষ্যে পুরাতন হাবেলীর চতুর্দশ দেবতার মন্দিরে পূজা দেন সাংসদ বিপ্লব কুমার দেব। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী।

GST Reforms/Reaction :

GST'তে আমূল সংস্কার তথা সরলীকরণ করায় স্বস্তির আবহ উনকোটি জেলায়। GST কাউন্সিলের ৫৬তম বৈঠকে ১২শতাংশ এবং ২৮শতাংশ কর কাঠামো উঠিয়ে দেওয়া হয়েছে। রাখা হয়েছে ৫ এবং ১৮শতাংশ করকাঠামো। কৈলাশহরের গৃহবধু মৌমিতা কর জানান, সরকারের এই যুগান্তকারী সিদ্ধান্তে মানুষের জীবনে স্বস্তি এনে দেবে। উপকৃত হবেন নানা অংশের জনগণ। তিনি কেন্দ্রীয় সরকার, দেশের প্রধানমন্ত্রী ও কেন্দ্রীয় অর্থমন্ত্রী'কে এর জন্য ধন্যবাদ জানিয়েছেন।

#####Sound Byte Moumita Kar #####

Animesh Debbarma, Seva Parv :

বনমন্ত্রী অনিমেঘ দেববর্মা সেবাপর্ব উপলক্ষে গতকাল হাতিপাড়ায় বন দপ্তরের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচির সূচনা করেন। তিনি জানান, ১৭ সেপ্টেম্বর থেকে ২রা অক্টোবর ত্রিপুরায় ৫০ হাজার গাছ লাগানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। আগামী ২৫ সেপ্টেম্বর প্রত্যেক জেলায় মন্ত্রীদের উপস্থিতিতে বৃক্ষরোপণ করা হবে। অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি বিশ্বজিৎ শীল, বিধায়ক নয়ন সরকার প্রমুখ উপস্থিত ছিলেন।

Sudhangshu Das Seba Pakkha :

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস গতকাল ঊনকোটি জেলার ফটিকরায় বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বিলাসপুরে সেবা পাক্ষিক কার্যক্রমের অধীনে স্বচ্ছতা অভিযানে অংশ নেন। এদিন এলাকার বিভিন্ন স্থানে স্বচ্ছ ভারত অভিযান করা হয়।

Yatri Seva Diwas at MBB Airport :

আগরতলা বিমানবন্দর কর্তৃপক্ষ ১৭সেপ্টেম্বর দিনটি যাত্রী সেবা দিবস হিসাবে উদযাপন করেছে। এ উপলক্ষে বিমানবন্দরে আগত যাত্রীদের লোক নৃত্যের মাধ্যমে অভ্যর্থনা জানানো হয়। এদিন পদ্মশ্রী জিমনাস্ট দীপা কর্মকার এক পেড় মা কে নাম কর্মসূচিতে গাছের চারা রোপণের সূচনা করেন। তাছাড়া রক্তদান

শিবির, বিমানবন্দরে অটো রিকশ ট্যাক্সি চালকদের জন্য চক্ষু ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়।

PM Angikaar, Swachhata Hi Seva,

PM Svanidhi Lok kalyan Mela :

উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার গতকাল গোমতি জেলার উদয়পুর পুর পরিষদ এলাকায় স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে "স্বচ্ছতা হি সেবা -২০২৫", →PMAY-অঙ্গীকার" ও "পি এম স্বনিধি প্রকল্পে-লোক কল্যাণ মেলা" এই ৩টি প্রকল্পের সূচনা করেন। এ উপলক্ষে শপথ বাক্য পাঠ করা হয় এবং স্বচ্ছ ভারত অভিযান কর্মসূচি পালন করা হয়।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৭ ডিগ্রি সেলসিয়াস।
